গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা,
ঢাকা-১০০০ ।

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০২.১৮.২০৬

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭
২৭ সেপ্টেম্বর ২০২০

প্রাপক:
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বিষয়: **উত্তম চর্চা (Best Practices) বিষয়ক তালিকা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরের বাস্তবায়নের অংশ হিসেবে হাইড্রোকার্বন ইউনিটের দাপ্তরিক কর্মপরিবেশ ও ব্যবস্থাপনা বিষয়ে অনুসৃত উত্তম চর্চা (Best Practices) সংক্রান্ত তালিকা প্রণয়ন পূর্বক এতৎসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ।

...

২৭-৯-২০২০
এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক
ফোন: ৮৩৯১০৭৫
ইমেইল: hcu@hcu.org.bd

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

উত্তম চর্চা বাস্তবায়নে হাইড্রোকার্বন ইউনিট এর পদক্ষেপ সমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | উত্তম চর্চার তালিকা | উত্তম চর্চা বাস্তবায়ন |
|---|---|---|
| ০১। | **সরকারি সম্পদের সঠিক ব্যবহার** | অফিসের এসি, বৈদ্যুতিক ফ্যান, লাইট, বিদ্যুৎ, পানি ও জ্বালানি ব্যবহারে মিতব্যয়ী হওয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অফিসের সম্পদ যেমন: গাড়ী, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, সার্ভার, ল্যাপটপ ইত্যাদি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হয়। |
| ০২। | **অংশীজনের সঙ্গে মত বিনিময়** | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সম্পৃক্ত বিভিন্ন দপ্তর/ সংস্থা যেমন (পেট্রোবাংলা, বিপিসি, বিএমডি,বিপিআই, জিএসবি, বিস্ফোরক পরিদপ্তরের) সাথে উত্তম চর্চা বিষয়ে মতবিনিময় সভা আয়োজন করা হয়। এর ফলে নীতিমালা ও আইন ও বিধি-বিধান প্রনয়নের ক্ষেত্রে তাদের চাহিদা জানা নেওয়া সম্ভব হয়। এতে কাজের গতি ত্বরান্বিত হয়। |
| ০৩। | **ইন-হাউজ প্রশিক্ষণ** | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের ৬০ জন ঘন্টা প্রশিক্ষনের নির্দেশনা পূরণকল্পে চাকরি বিধিমালা, নথি ব্যবস্থাপনা, তথ্য অধিকার,শুদ্ধাচার এবং সমসাময়িক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ সিডিউল প্রণয়ন করে প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ০৪। | **সুসজ্জিত ও দৃষ্টিনন্দন অফিস প্রাঙ্গন তৈরি** | প্রত্যেকটি শাখায় ফাইল পত্র সুসজ্জিতভাবে আলমারিতে যথাযথভাবে লেভেলিং করে রাখা হয়েছে। অফিসে একটি রেজিস্ট্রার সংরক্ষণ করা হয়েছে। এর ফলে অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কাজের স্পৃহা বৃদ্ধি পায়। |
| ০৫। | **সেমিনার/ওয়ার্কশপ আয়োজন** | হাইড্রোকার্বন ইউনিটের উদ্যোগে প্রতিমাসে তেল, গ্যাস ও খনিজ সংক্রান্ত বিষয়ে অথবা জ্বালানি খাতের বিভিন্ন সমসাসয়িক বিষয়ের উপর সেমিনার/ ওয়ার্কসপ আয়োজন করা হয়ে থাকে। সেমিনারে তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিভাগের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা ও কর্পোরেশন যেমন পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানি সমুহ, বিপিসি ও বিপিসির কোম্পানি সমুহ, জিএসবি, বিএমডি এবং বিপিআই এর প্রতিনিধিরা অংশগ্রহন করে থাকেন। এছাড়াও পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের সন্মানিত শিক্ষকগন সেমিনারে উপস্থিত হয়ে মতামত প্রদান করে থাকেন। এছাড়াও তেল , গ্যাস ও খনিজ সম্পদের সাথে সংশ্লিষ্ট দেশের জ্বালানি বিশেষজ্ঞরা সেমিনারে প্রেজেন্টেশন প্রদান করে থাকেন। |
| ০৬। | Common Server | অফিসের প্রতিটি কম্পিউটার ও ল্যাপটপে একটি সমন্বিত সাধারণ নেটওয়্যাকিং সিস্টেম গড়ে তোলা হয়েছে। উক্ত নেটওয়্যাকিং সিস্টেম এ অফিসের প্রাত্যহিক প্রয়োজনীয় তথ্যের সন্নিবেশ ঘটানো হয়েছে। Common Server এ কাজের ডাটা সংরক্ষণ করা হয়। অফিসের যেকোন কম্পিউটার থেকেই Common Server Access করে প্রয়োজনীয় তথ্য গ্রহণ করা ও কার্যক্রম সম্পাদন করা যায়। |
| ০৭। | **ই-নথির বাস্তবায়ন** | ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই- নথি কার্যত্রমের সূচনা হয় । হাইড্রোকার্বন ইউনিট ই-নথিকে ভিত্তি করে কার্যক্রম সম্পন্ন করে থাকে । অত্র অফিসের শতকরা ৯০% চিঠিপত্র ই-নথির মাধ্যমে সম্পাদিত হয় । |

| | | |
|---|---|---|
| ০৮। | **মাসিক সমন্বয় সভা** | প্রতি মাসে অত্র অফিসে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গুরুত্বপূর্ণ সাকুর্লার, পরিপত্র, আইন ও বিধিমালার উপর আলোচনা করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রতিমাসের সমন্বয় সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয় । এদিন দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের ব্যাপারে আলোচনা করা হয়। |
| ০৯। | **ডিজিটাল হাজিরার ব্যবস্থা।** | হাইড্রোকার্বন ইউনিটে ডিজিটাল হাজিরার ব্যবস্থা করা হয়েছে। সকল কর্মকর্তা ও কর্মচারীকে ডিজিটাল হাজিরার আওতায় আনা হয়েছে। সকাল ৯.০০ ঘটিকায় অফিসে আগমন এবং ৫.০০ ঘটিকায় প্রস্থানের মাধ্যমে সকলের ভেতর শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতার প্রকাশ ঘটেছে। |
| ১০। | **ছাদ বাগান** | অত্র অফিসের ছাদে একটি সুদৃশ্য বাগান গড়ে তোলা হয়েছে। বাগানে বিভিন্ন প্রজাতির ফুল যেমন শেফালি, গোলাপ, টাইমফুল, গেটুফুল, বিদেশী পাতাবাহার ফুলের গাছ রয়েছে। এছাড়াও বাগানে মৌসুমী ফল ও সবজির চাষ করা হয়। |
| ১১। | **সময় মত রিপোর্ট প্রেরণ** | মাসিক/ ত্রৈমাসিক/বার্ষিক রিপোর্ট সময়মত প্রস্তুত করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। অফিস আদেশ/ সার্কুলার/ পরিপত্র নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রকাশ করা হয়। |
| ১২। | **গ্রিভেন্স রিড্রেস সিস্টেম** | বর্তমান তথ্য প্রযুক্তির যুগে মানুষের মনে ঘরে বসে সেবা পাওয়ার আকাঙক্ষা বিরাজ করে। মানুষের আকাঙ্খা পূরণ করা সরকারের একটি অগ্রাধিকার কাজ। সকল সরকারি প্রতিষ্ঠানের মতো হাইড্রোকার্বন ইউনিটেও ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদান করা হয়। জনসাধারণের নিমিত্তে অভিযোগ প্রতিকার ব্যবস্থা ( গ্রিভেন্স রিড্রেস সিস্টেম) চালু করা হয়েছে। গ্রিভেন্স রিড্রেস সিস্টেম এ প্রাপ্ত বিভিন্ন অভিযোগ ও তা সমাধানের লক্ষ্যে পর্যালোচনা করা হয়। |
| ১৩। | **ইনোভেশন** | হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যেগ গ্রহণ করা হয়েছে।ইনোভেশন অংশ হিসেবে অফিসে বিভিন্ন সম্পাদিত কার্যক্রমের ইনোভেশন শোকেসিং করা হয়েছে। ইনোভেশন পরিকল্পনার অংশ হিসেবে ডিজিটাল ব্যানার ও সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। এছাড়াও ইনোভেশন পরিকল্পনার অন্যান্য অংশ যেমন সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন, ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নের উপর জোরারোপ করা হয়েছে। |
| ১৪। | **শুদ্ধাচার** | "শুদ্ধাচার আর শিষ্ঠাচার<br>হাইড্রোকার্বনে অলংকার"।<br>এই স্লোগানকে কেন্দ্র করে হাইড্রোকার্বন ইউনিটে শুদ্ধাচার কৌশল ও পরিকল্পনা বাস্তবায়ন করা হয়। শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়। |
| ১৫। | **বার্ষিক ক্রয় পরিকল্পনা** | হাইড্রোকার্বন ইউনিটে একটি বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়।ফলে পুরো অর্থ বছরে কি কি পণ্য ক্রয় করা হবে তার একটি প্রকৃত চিত্র পাওয়া যায়। |
| ১৬। | **দুর্নীতি বিরোধী অবস্থান** | দুর্নীতি বিরোধী লিফলেট প্রস্তুত করে বিতরন করা হয়ে থাকে। এছাড়াও অফিসের বিভিন্ন দপ্তরে দুর্নীতি বিরোধী প্ল্যাকার্ড লাগানো রয়েছে।এর ফলে দুর্নীতি প্রতিরোধ ও জনসচেতনতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করছে। |
| ১৭। | **পরিচ্ছন্নতা** | অত্র অফিসে পরিষ্কার পরিচ্ছন্নতার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। অফিস কক্ষের প্রতিটি রুম, কড়িডোর, বাথরুম প্রতিদিন নিয়মিত পরিষ্কার করা হয়। |

২৭.০৭.২০২০
মেহেদী হাসান
উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)
হাইড্রোকার্বন ইউনিট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

27.07.2020
মোঃ জাকির হোসেন
পরিচালক (উপ সচিব)
হাইড্রোকার্বন ইউনিট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

27.7.20
এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক
হাইড্রোকার্বন ইউনিট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ